



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৭৫৩

তারিখ: ১২/০৪/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে নবীন শিক্ষার্থীদের বরণ

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের উষ্ণ অভ্যর্থনা ও বরণ করে নিয়েছে। বিভিন্ন বিভাগে ফুল, বুকলেট ও মিষ্টিমুখ করিয়ে নবীনদের আনুষ্ঠানিকভাবে বরণ করে নেন শিক্ষক ও সিনিয়র শিক্ষার্থীরা। এই আয়োজনে ক্যাম্পাস প্রাঙ্গণ নবীনদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে এবং প্রথম দিনেই ক্লাস ও ওরিয়েন্টেশনের মাধ্যমে নতুনরা বিশ্ববিদ্যালয় জীবনের সাথে পরিচিত হন।

বিভিন্ন বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান।

মাননীয় ট্রেজারার বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের নবীন ছাত্র-ছাত্রীদেরকে বরণ করে নেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১৯টি বিভাগ নিজস্ব আয়োজনে বিভাগের শিক্ষকমণ্ডলী এবং ছাত্র-ছাত্রীরা নবীন ছাত্র-ছাত্রীদেরকে বরণ করে নেন। এতো সুন্দর আয়োজনে নবীন ছাত্র-ছাত্রীদেরকে বরণ করে নেয়ায় বিভাগসমূহের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের প্রতি কৃতজ্ঞতা জানাই। নবীন ছাত্র-ছাত্রীদের যে মেধা-মনন, আমি তাদের অভিনন্দন জানাই। তারা একটি প্রতিযোগিতাপূর্ণ পরীক্ষার মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের অংশ হয়েছে এবং বিভিন্ন বিভাগে ভর্তি হয়েছে।

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন র্যাগিং এবং বুলিং নিয়ে জিরো টলারেন্স ঘোষণা করেছে। কেউ যেন র্যাগিংয়ের শিকার না হয়। শিক্ষার্থীরা যেন নির্বিঘ্নে ক্যাম্পাসে চলাফেরা করতে পারে, নিজেদের প্রতিষ্ঠান উপভোগ করতে পারে। নতুনদের জন্য আমরা বুকলেট প্রকাশ করেছি, যেখানে তাদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা রয়েছে।

প্রক্টর ড. মোঃ আবদুল হাকিম বিভিন্ন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম পরিদর্শন করেন। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা ভাল ছাত্রদের মধ্যে ভাল। প্রতিযোগিতাপূর্ণ পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে ভাল ছাত্র ভর্তি হয়, কিন্তু অনেক সময়ে ভাল ছাত্র ভাল ফলাফল নিতে পারে না, খারাপ ছাত্র ভাল ফলাফল নিয়ে বের হয়ে যায়। তোমরা পিতা-মাতাকে স্মরণ করবে। পিতা-মাতা এবং শিক্ষক চায় তোমরা সুন্দর জীবন গঠন করো। তোমরা বন্ধু নির্বাচন করবা এমনভাবে যেনো ভাল বন্ধুর সাথে চলাফেরা করে তোমার জীবন সুন্দর হয়। খারাপ বন্ধুদের সাথে চলবে না, খারাপ বন্ধুদের সাথে চলাচল করলে তোমরাও খারাপ হয়ে যাবে। আমি আশা করি তোমরা ভাল ফলাফল করে এখান থেকে বের হবে, পিতা-মাতার সেবা করবে, জাতির সেবা করবে, দেশের সেবা করবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

ডেপুটি রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।